# উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণি

## স্থান- উপজেলা পরিষদ সভাকক্ষ

## শাজাহানপুর, বগুড়া।

## ১৫ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ/১৫ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দ; সকাল ১০.৩০টা

সভাপতি ঃ মোঃ সোহরাব হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শাজাহানপুর, বগুড়া।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট-'ক' (সংরক্ষিত রেজিষ্টার)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ি সভা পরিচালনা করার জন্য জনাব আসিফ আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়াকে আহবান জানান। উপজেলা নির্বাহী অফিসার সভাপতিকে ধন্যবাদ এবং উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ি আলোচনা করেন এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয় ঃ

আলোচ্যসূচি-০১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

উপজেলা নির্বাহী অফিসার সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। অতঃপর কোন সংশোধণী না থাকায় তা সর্বসম্মতক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

| ক্র.ন. | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারি |
|---|---|---|---|---|
| ০২ | উপজেলা প্রকৌশলী | উপজেলা প্রকৌশলী সভায় অবহিত করেন, শাজাহানপুর উপাজেলা পরিষদের ২০২০-২০২১ অর্থ বছরের গৃহিত প্রকল্পের বাস্তবায়ন কাজ সকলের সহযোগীতায় শতভাগ সম্পন্ন হয়েছে। তিনি আরও জানান, নতুন বছর অর্থ বছর শুরু হয়েছে। অর্থ বছরের শুরু থেকেই বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি ও রাজস্ব উদ্বৃত্ত) তহবিলের অর্থ দ্বারা অগ্রাধিকারমূলক ও জনগুরুত্বপূর্ণ প্রকল্প যেন যথা সময়ে গ্রহণ ও বাস্তবায়ন করা যায় সে বিষয়ে দৃষ্টি রাখার জন্য জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ২০২১-২০২২ নতুন অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ এর ০৬ নং অনুচ্ছেদের উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচীর খাতওয়ারি বিভাজনের আলোকে অর্থ বিভাজন করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা জানান, উপজেলা পরিষদের এডিপির অর্থায়নে উপজেলা স্বাস্থ্য কেন্দ্রের জন্য সরবরাহকৃত জলাতঙ্ক রোগের ভ্যাকসিনের স্টক রয়েছে। সপ্তাহের রবিবার ও বুধবার রোগিদের ভ্যাকসিন প্রদান করা হয়। ঔষুধের অপচয় রোধে এক ভায়ালে ৫ জন রোগীকে ভ্যাকসিন প্রদান করা হয়। জনস্বার্থে তিনি প্রতি অর্থ বছরে ভ্যাকসিন সরবরাহ অব্যাহত রাখার জন্য উপজেলা পরিষদের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। | করোনা প্রতিরোধ এবং চিকিৎসায় স্বাস্থ্যকর্মী ও চিকিৎসকদের আন্তরিকতার সাথে কাজ করতে হবে। আগত রোগী যাতে সুচিকিৎসা পায় তা নিশ্চিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য প.প. কর্মকর্তা |
| ০৪ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার জানান, এ সময় গবাদি পশু ও হাঁস মুরগীর বিভিন্ন রোগের প্রাদুর্ভাব দেখা যায়। জীব নিরাপত্তা উন্নত করতে হবে। হাস মুরগিকে ডাকপ্লেগ, রানীক্ষেত, কলেরা, গামবোরো ও বসন্ত রোগের টিকা এবং ছাগলের পিপিআর রোগের টিকা প্রদানের পরামর্শ প্রদান করা হচ্ছে। নিরাপদ মাংস, দুধ ও ডিম উৎপাদনের লক্ষ্যে পোল্ট্রি ও ডেইরী খামার নিয়মিত পরিদর্শন হচ্ছে এবং এ বিষয়ে জনসচেতনতা বাড়ানোর জন্য সভায় জনপ্রতিনিধিসহ সকলকে অনুরোধ জানান। | হাঁস-মুরগি ও গবাদি পশুর রোগ ব্যধি নিরসনে উপজেলা প্রাণিসম্পদ বিভাগকে আরও সতর্ক থাকতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া। |
| ০৫ | উপজেলা পরিবার | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, এ উপজেলার প্রান্তিক পর্যায়ে মা ও শিশু স্বাস্থ্য সেবা এবং | পরিবার পরিকল্পনা বিভাগের মানসম্মত সেবা | উপজেলা পরিবার |

| | | | | |
|---|---|---|---|---|
| | পরিকল্পনা বিভাগ | পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিতকরণে তার দপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি আরও জানান, আগামী ১১ জুলাই ২০২১"বিশ্ব জনসংখ্যা দিবস" সামাজিক দুরুত্ব বজায় রেখে সীমিত আকারে র‍্যালী ও আলোচনা সভার মাধ্যমে উদযাপন করা হয়েছে। তিনি সভায় পরিবার পরিকল্পনা বিভাগের বিভাগীয় কার্যক্রম সভায় তুলে ধরেন। পরিবার পরিকল্পনা গ্রহণকারি মোট সক্ষম দম্পতি-৭৯,৮২১, মোট গ্রহণকারি-৬৫,৯৩২, গ্রহণকারির হার ৮২.৬০%। | নিশ্চিতকরণে এ বিভাগকে সচেতন থাকতে হবে। | পরিকল্পনা কর্মকর্তা |
| ০৬ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার জানান, শাজাহানপুর উপজেলাধীন ১১১টি প্রাথমিক এবং বিআরডিবি ভুক্ত কেন্দ্রীয় সমিতি ১টি ও প্রাথমিক ২১টি। লক্ষমাত্রা অনুযায়ি ১১১টি প্রাথমিক সমবায় সমিতি লিঃ এর অডিট কার্য সম্পন্ন করা হয়েছে। একটি আশ্রায়ন প্রকল্প (ফেজ-২) প্রকল্প আছে, যা ডোমনপুকুর আশ্রায়ন প্রকল্প (ফেজ-২) নামে পরিচিত। উক্ত প্রকল্পের বর্তমানে ৩০ জন সদস্যকে ৪,২০,০০০/- টাকা দাদন করা হয়েছে। চলতি মাসে কোভিড-১৯ এর কারণে ঋণ আদায় শুরু হয়নি। এছাড়া ইনোভেটিভ আইডিয়া হিসাবে সামাজিক নিরাপত্তা হোম সার্ভিসের মাধ্যমে সমিতির টেকসই উন্নয়ন নামে লাইফ ওয়ে প্লাস ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সতিমিতে ইনোভেশন প্রকল্প গ্রহণ করা হয়েছে, যা চলমান রয়েছে। আতি আরও জানান, ২০২০-২০২১ সনের অডিট নোটের ভিত্তিতে ধার্যকৃত অডিট ফি ২৬,৪৯০ টাকা ট্রেজরী চালানের মাধ্যমে জমা ২৩,২৪০/- এবং ধার্যকৃত সমবায় উন্নয়ন তহবিল ৭৫৫৯/- টাকা যাহার মধ্যে জনতা ব্যাংকে ডিডি এর মাধ্যমে জমা করা হয়েছে ৭৩২৭/- টাকা। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | আবাসন প্রকল্পের সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন প্রশিক্ষন কর্যক্রম এবং প্রশিক্ষণ পরবর্তি প্রয়োজনীয় সহযোগীতা অব্যহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ০৭ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, বিভিন্ন কর্মসূচি এবং প্রকল্প থেকে জুন ২০২১ মাসে সঞ্চয় আদায় শুরু হয়নি। ২০২০-২০২১ অর্থ বছরে সঞ্চয় আদায় হয়েছে ১,১৮,০০০/- টাকা, ঋণ আদায় ৩৪,০২,০০০/- টাকা এবং ঋণ বিতরণ ৩২,৬২,০০০/- টাকা। ২০২১-২০২২ অর্থ বছরে দরিদ্র বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মুল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি শীর্ষক প্রকল্পে মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তাবায়নের নির্দেশনা এসেছে। উক্ত প্রকল্পের জরিপের কাজ চলমান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | সফলভাবে পরিচালনার জন্য সমিতিগুলো সচল রাখতে হবে। ঋণ বিতরণ ও আদায়ের হার বৃদ্ধি করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ০৮ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, তার দপ্তর হতে কোভিড ১৯ এর সংক্রমনের প্রভাব বিস্তার রোধকল্পে উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ওয়াশ বেসিন এর নির্মান কাজ সমাপ্ত হয়েছে। তিনি আরও জানান, অত্র দপ্তর থেকে পল্লী পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩য় পর্যায়ের নলকূপ স্থাপন কাজ সম্পন্ন হয়েছে এবং প্রাথমিক বিদ্যালয়ে সুপেয় পানি সরবরাহ ব্যবস্থা ও ছাত্র-ছাত্রীদের উন্নত স্যানিটেশন সুবিধা নিশ্চিত করণের লক্ষে এ অর্থবছরে ০৩টি ওয়াশব্লকের | দাপ্তরিক কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি করতে হবে। | উপ-সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নির্মান কাজ ইতিমধ্যে সমাপ্ত হয়েছে। তাছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | | |

০৯ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত ছক মোতাবেক ব্যয়িত অর্থ সভায় অনুমোদনের নিমিত্ত উপস্থাপন করা হয় :

| ক্র.ন. | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | মাস্টাররোলে নিয়োজিত ০১ জন মালির জুন/২১ মাসের মজুরি বাবদ | ১১,৭০০/- | |
| ০২ | মাস্টাররোলে নিয়োজিত ০১ জন পরিচ্ছন্ন কর্মীর জুন/২১ মজুরি বাবদ | ১১,৭০০/- | |

সিদ্ধান্ত : বিস্তারিত পর্যালোচনান্তে উপর্যুক্ত ব্যয়সমূহ সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/০৭/২১

মোঃ সোহরাব হোসেন
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাজাহানপুর, বগুড়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাজাহানপুর, বগুড়া।

স্মারক নং-০৫.৫০.১০৮৫.০০০.১৪.০০৩.১৮- ৪৮৫ (৩৫)

তারিখ ঃ ১৫ আষাঢ় ১৪২৮ ব. / ১৫ জুলাই ২০২১ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ৪২-বগুড়া-৭
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৪। জেলা প্রশাসক, বগুড়া
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বগুড়া
০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বগুড়া
০৭। উপজেলা প্রকৌশলী, শাজাহানপুর, বগুড়া
০৮। ..............................................................
০৯। অফিস নথি

১৫/০৭/২১

আসিফ আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া
ফোন ঃ ০৫১-৮২৪০০(অফিস)